গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
(সাধারণ শাখা)

**জেলা পর্যটনসেল এর নভেম্বর/২০১৪ মাসের সভার কার্যবিবরণী :**

সভাপতি : মোঃ হুমায়ুন কবীর খোন্দকার, জেলা প্রশাসক, ফেনী।
স্থান : জেলা প্রশাসক, ফেনী এর সম্মেলন কক্ষ
তারিখ : ০৬/১১/২০১৪ খ্রি; বেলা -১২.০০ টা

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ১৬/০৬/২০১১ তারিখের স্মারক নং-বিপম/পর্য-২/কমিটি-৩/২০০৪ (অংশ)-৯৭০/৬৪ (৬৪) এবং ০৫/১০/২০০৯ তারিখের নং-বিপম/পর্ব-২/কমিটি-৩/২০০৪ (অংশ)-৯৬৫ এর আলোকে জেলায় পর্যটন শিল্পের উন্নয়নে প্রস্তাবনা ও সুপারিশ আহবান করা হয়। অত:পর সভায় সকলের অংশগ্রহণে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | ফেনী সদর বিজয়সিংহ দিঘী এলাকা | ফেনী সদর বিজয়সিংহ দিঘী এলাকা স্থানীয় পর্যটকদের নিকট ভ্রমণের একটি পরিচিত স্পট। কোন পরিকল্পিত ব্যবস্থাপনা ও উন্নয়ন না থাকা সত্ত্বেও এ স্পটটিতে প্রতিদিন উল্লেখযোগ্য সংখ্যক পর্যটকের আগমন ঘটে। বিজয় সিংহ দিঘীর পাড়ে সৌন্দর্য বর্ধনের জন্য পরিকল্পিতভাবে বিভিন্ন প্রজাতির গাছ লাগিয়ে উন্নয়নের মাধ্যমে স্থানীয়দের জন্য একটি আদর্শ পর্যটনকেন্দ্র/ ইকোপার্কে রূপান্তর করা সম্ভব। উক্ত পর্যটন এলাকায় গাছ লাগানোর কার্যক্রম চলছে মর্মে সভায় জানানো হয় । | বিজয়সিংহ দিঘীতে প্রবেশের গেটটি প্রসস্থ করার জন্য এবং এ পর্যটন এলাকায় পর্যটকদের দর্শনের জন্য সময় নির্ধারণ ও অধিকতর আকর্ষণীয় করে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্য মেয়র, ফেনী পৌরসভাকে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, ফেনী পৌরসভা। |
| ২। | সোনাগাজী উপজেলার মুহরী সেচ প্রকল্প এলাকাঃ | জেলাধীন সোনাগাজী উপজেলার মুহরী সেচ প্রকল্প এলাকা পর্যটন এলাকা হিসেবে ঘোষণা না হলেও প্রতিদিন সেখানে বহু লোকজনের সমাগম ঘটে। উক্ত এলাকায় প্রাথমিক পর্যায়ে পুরুষ ও মহিলা টয়লেট স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সোনাগাজী, ফেনীকে এবং নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পুলিশ সুপার, ফেনীকে অনুরোধ করা হয় । উপজেলা পরিষদ এর পক্ষ হতে পরিকল্পিতভাবে পর্যটকদের জন্য কিছু সুযোগ সুবিধা বৃদ্ধি করা হলে এলাকাটি আরো আকর্ষণীয় হবে এবং এ খাত হতে কিছু আয় করাও সম্ভব হবে বলে সভায় আলোচনা করা হয়। | উক্ত এলাকায় পর্যটকদের জন্য বসার জায়গা এবং টয়লেট স্থাপনের জন্য কিছু বরাদ্দ পাওয়া গিয়েছে এবং যথাশীঘ্র উক্ত কার্যক্রম সম্পন্ন হবে বলে উপজেলা নির্বাহী অফিসার, সোনাগাজী জানান। | পুলিশ সুপার, ফেনী, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনাগাজী, ফেনী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাগাজী, ফেনী, ভারপ্রাপ্ত কর্মকর্তা, সোনাগাজী থানা। |
| ৩। | ফেনী রাজাঝীর দীঘিঃ | ফেনী রাজাঝীর দীঘির একটি পাড়কে দর্শনার্থী ও পথচারীদের চলাফেরার জন্য উন্মুক্ত করতে দোকানপাটসমূহ অপসারণ করার বিষয়ে আলোচনা করা হয় এবং রাজাঝির দিঘীর কচুরীপানা পরিস্কার করার ব্যাপারে আলোচনা করা হয়। | এ ব্যাপারে সমন্বিত উদ্যোগ গ্রহণপূর্বক উক্ত দিঘীর ঐতিহ্য রক্ষার জন্য অনুরোধ করা হয়। এবং কচুরীপানা পরিস্কার করার জন্য মেয়র, ফেনী পৌরসভাকে পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ সুপার, ফেনী/ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী/ মেয়র ফেনী পৌরসভা |
| ৪। | শমসের গাজীর দীঘিঃ | শমসের গাজীর দীঘি সংরক্ষণ, রাস্তা মেরামত এবং সৌন্দর্যবর্ধনসহ পর্যটকদের জন্য আকর্ষণীয় করে তোলার উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। উক্ত পর্যটন এলাকায় পর্যটকদের বসার জন্য জায়গা করা হয়েছে এবং একটি টিউবওয়েল বসানো হয়েছে বলে উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া, ফেনীকে ধন্যবাদ জানানো হয়। | এ দীঘিকে পর্যটকদের জন্য আরো আকর্ষণীয় করে তোলার ব্যাপারে এবং রাস্তা মেরামত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাগলনাইয়া এবং উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া কে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাগলনাইয়া এবং উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | দাগনভূঞা উপজেলার ভাষা শহীদ সালাম নগর এলাকাঃ | দাগনভূঞা উপজেলার ভাষা শহীদ সালাম নগর জাদুঘরের রাস্তা সংস্কার এবং বনায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। দাগনভূঞা উপজেলার ভাষা শহীদ সালাম নগর জাদুঘরের জন্য দুইটি রাস্তা বিদ্যমান। একটি রাস্তা ভাল আছে মর্মে জানানো হয়। অন্য রাস্তাটি নদীতে ভেঙ্গে গেছে মর্মে সভায় আলোচনা করা হয় এবং উক্ত এলাকায় শিশু পার্ক এর জন্য অধিগ্রহণকৃত জমি থেকে মাটি কাটা বন্ধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক রক্ষা বাঁধ এবং এলজিইডি কর্তৃক রাস্তাটি মেরামত করে দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। মাটি কাটা বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য স্থানীয় প্রশাসনকে অনুরোধ করা হয়। সংশ্লিষ্টদের আগামী সভার পূর্বে অগ্রগতি প্রতিবেদন দাখিল পূর্বক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ফেনী/ উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা/ নির্বাহী প্রকৌশলী, এল, জি, ই, ডি/ বিভাগীয় বন কর্মকর্তা, ফেনী। |
| ৬। | ফেনী সরকারি কলেজ ও ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় | ফেনী সরকারি কলেজ ও ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় অতি প্রাচীন ও ঐতিহাসিক হওয়ায় সেখানকার ঐতিহ্যবাহী লাল দালান না ভেঙ্গে পূর্বের আকৃতি ও রঙ ঠিক রেখে সংস্কার করার বিষয়ে আলোচনা করা হয়। | পূর্বের আকৃতি ও রঙ অপরিবর্তিত রেখে সংস্কারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ফেনী। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২০/১১/১৪

(মোঃ হুমায়ুন কবীর খোন্দকার)
জেলা প্রশাসক
ফেনী

স্মারক নং-০৫.২০.৩০০০.০০৫.০৬.০২৩.১৪- ৫২৬৯ তারিখঃ ২৬/১১/২০১৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। সচিব, স্থানীয় সরকার, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, জাতীয় ট্যুরিজম সংস্থা, মহাখালী, ঢাকা।
৪। জনাব ..................................................................
..................................................................

জেলা প্রশাসক
ফেনী।